

জিএসটি গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষার ফলের ভিত্তিতে বরিশাল বিশ্ববিদ্যালয়ে (ববি) ২০২১-২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তির আবেদন গ্রহণ শুরু হয়েছে। সোমবার দুপুর ১২টাৰ দিকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন অনলাইনে ভর্তির আবেদন গ্রহণ কার্যক্রমের উদ্বোধন করেন। এ সময় ভর্তি সংশ্লিষ্ট অন্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

advertisement 3

দুপুর ১২টা থেকে শুরু হয়ে গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোর ভর্তি আবেদন গ্রহণ করা হবে আগামী ২৭ অক্টোবৰ রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত।

advertisement 4

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [নং.ধপ.নফ](#)-তে ভর্তির আবেদন প্রক্রিয়ার বিষয়ে দিকনির্দেশনামূলক বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে, যাতে গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষা ২০২১-২২-এর উত্তীর্ণ শিক্ষার্থীরা অনলাইনে আবেদন পদ্ধতি এবং বিভিন্ন অনুষদ ও বিভাগসমূহের জন্য আরোপিত শর্তসমূহ বিস্তারিতভাবে জানতে পারবেন। এ ছাড়া ধর্মসরংরড়হ.নং.ধপ.নফ অথবা জিএসটি ওয়েবসাইট [মংধর্মসরংরড়হ.ধপ.নফ](#) ওয়েবসাইটে গিয়ে ভর্তিচ্ছুরা ভর্তি সংক্রান্ত আবেদন সম্পর্ক করতে পারবেন। গুচ্ছভুক্ত প্রতিটি বিশ্ববিদ্যালয়ের ভর্তির আবেদন ফি ৫০০ টাকা নির্ধারণ করা হয়েছে।

উল্লেখ্য, বরিশাল বিশ্ববিদ্যালয়ে ছয়টি অনুষদের অধীনে ২৪টি বিভাগে আসন সংখ্যা ১৪৪০ থেকে বাড়িয়ে ১৪৯০ করা হয়েছে। এর মধ্যে বিজ্ঞান ও প্রকৌশল এবং জীববিজ্ঞান অনুষদে আসন সংখ্যা ৬০০টি। সামাজিক বিজ্ঞান, কলা ও মানবিক এবং আইন অনুষদে আসন সংখ্যা ৫৯০টি, ব্যবসা শিক্ষা অনুষদে আসন রয়েছে ৩০০টি। এ ছাড়া ২০২১-২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তিতে জিপিএর ওপরে আগের মতো এবারও কোনো মার্কস থাকছে না।